রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২০ সনের ১৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৯, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮৯—২৯২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৮৭—২৯০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯৭—৩০০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলিসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ জানুয়ারি ২০২০

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০০৭.২০২০-৬৩**—যেহেতু, ডাঃ মিনাক্ষী চাকমা (৪০৫৮৭), জুনিয়র কনসালটেন্ট (গাইনি ও অবস), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পানছড়ি, খাগড়াছড়িকে দুদক,ফরিদপুরের জি আর নং-০৪/১৯ মামলায় গত ১২-০১-২০২০ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন নামঞ্জুর করে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মিনাক্ষী চাকমা (৪০৫৮৭), জুনিয়র কনসালটেন্ট (গাইনি ও অবস), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পানছড়ি, খাগড়াছড়িকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১২-০১-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।website: www.bgpress.gov.bd

## আদেশাবলি

তারিখ : ৬ মাঘ ১৪২৬/২০ জানুয়ারি ২০২০

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৪৩.১৯-৭১**—যেহেতু, ডাঃ মোঃ ওয়াজেদ আলী (৪৫৭০৬), সহকারী অধ্যাপক, অর্থোডেনটিক্স, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত: কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ বদলিকৃত কর্মস্থল রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটিতে যোগদান না করে গত ১৯-০৪-২০১৮ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ৩১-১০-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৪৩.১৯-৬৩৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৭-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ মোঃ ওয়াজেদ আলী (৪৫৭০৬), সহকারী অধ্যাপক, অর্থোডেনটিক্স, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত: কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ পৌষ ১৪২৬/১৩ জানুয়ারি ২০২০

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৮-৭২**—যেহেতু, ডাঃ মোঃ পারভেজ হোসেন (১১৩১২৭), আবাসিক মেডিকেল অফিসার, শহীদ আহসান উল্লাহ মাষ্টার জেনারেল হাসপাতাল, টঙ্গী, গাজীপুর ৩০ দিনের মঞ্জুরীকৃত বহি: বাংলাদেশ ছুটি ভোগের নিমিত্ত গত ০৫-০২-২০১৭ তারিখে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা , ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৭-০২-২০১৮ তারিখের ৪৫.১৫০. ০২৭.০১.০০.০১৮.২০১৮-৮৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ পারভেজ হোসেন (১১৩১২৭), আবাসিক মেডিকেল অফিসার, শহীদ আহসান উল্লাহ মাষ্টার জেনারেল হাসপাতাল, টঙ্গী, গাজীপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা , ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০৭-০৩-২০১৭ হতে ০১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত মোট ৫৬ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তার এ বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৬ মাঘ ১৪২৬/২০ জানুয়ারি ২০২০

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১২২.১৯-৭৩**—যেহেতু, ডাঃ দিলরুবা ইয়াসমিন (১১১১৫৮), জুনিয়র কনসালটেন্ট, গাইনি এন্ড অবস, দাগনভুঞা, ফেনী (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট, গাইনি এন্ড অবস, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা) গত ২০-০৫-২০১৮ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৭-১০-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২. ২৭.১২২.১৯-৫৯৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৭-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ দিলরুবা ইয়াসমিন (১১১১৫৮), জুনিয়র কনসালটেন্ট, গাইনি এন্ড অবস, দাগনভুঞা, ফেনী এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা

ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১০৬.১৯-৭৪**—যেহেতু, ডাঃ বিনয় গুহ (৪৩৮৫৩), সহকারী অধ্যাপক, কার্ডিওলজি, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা, (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা) গত ২০-০৫-২০১৮ তারিখের ৪৫.১৪৪.০১৯.০০. ০০.০০৭.২০১৬.২০৭ নং স্মারকের ক্রমিক নং-১৫ এ বর্ণিত মতে জুনিয়র কনসালটেন্ট, কার্ডিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ সদর হাসপাতাল মেহেরপুরে বদলি করা হলেও বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৫-১২-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১০৬.১৯-৭০৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৭-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ বিনয় গুহ (৪৩৮৫৩), সহকারী অধ্যাপক, কার্ডিওলজি, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৩০ পৌষ ১৪২৬/১৪ জানুয়ারি ২০২০

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৯৪.১৯-৭৫**—যেহেতু, ডাঃ এ. কে. এম আনিসুর রহমান (১৩৬৭৪৯), ডেন্টাল সার্জন (আবাসিক সার্জন, দন্ত বহির্বিভাগ), ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ হাসপাতালে যোগদানের পর থেকেই বিভিন্ন সময়ে বিভিন্ন পর্যায়ে সহকর্মী/উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন এবং গত ০৮-০৭-২০১৯ তারিখে ঈশ্বরগঞ্জ ডিগ্রী কলেজের ২য় বর্ষের ছাত্র তরুন মিয়াকে শারীরিকভাবে নির্যাতন করে মাথা ধরে টেবিলে আঘাত করেন। এতে রোগীর মাথা ফেটে রক্তপাত ঘটানোর অভিযোগ উত্থাপন হয় বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২২-০৮-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৯৪. ১৯-৪৮৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শাণো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ এ. কে. এম আনিসুর রহমান (১৩৬৭৪৯), ডেন্টাল সার্জন (আবাসিক সার্জন, দন্ত বহির্বিভাগ), ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তার এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ/২১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ

নং **১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৯.১৯-০১**—যেহেতু, মিজ মঞ্জু মনোয়ারা, সিনিয়র সহকারী সচিব (পরিচিতি নং ০২৩৫), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর কর্মস্থলে নানাবিধ অসদাচরণ, স্বেচ্ছাচারিতা, সরকারি চাকরির শিষ্টাচার বর্হিভূত কর্মকাণ্ড, উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি উদ্ধত আচরণ এবং অন্যান্য সকল পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের প্রতি ক্রমাগত দুর্ব্যবহার প্রভৃতি চরম অসহনীয় পর্যায়ে পৌছায়; উপরুন্তু টোকিওতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মুম্বাইতে অবস্থিত বাংলাদেশ উপ-হাইকমিশনে কর্মরত থাকাকালীন সময়ে তিনি মিশন সমূহের কর্মকাণ্ডে বিঘ্ন সৃষ্টি করেন;

যেহেতু, এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, পূর্বতন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক তাকে কেন সরকারি চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাব উক্ত বিধিমালার ৭(১)(বি) বিধি মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, মিজ মঞ্জু মনোয়ারার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদানের জন্য তিনি দীর্ঘ সময় পাওয়ার পরও বার বার তিনি সময় প্রার্থনা করে তার বিষয়ে রুজুকৃত বিভাগীয় মামলার কার্যক্রম বিলম্বিত ও বাধাগ্রস্থ করার প্রয়াস চালিয়েছেন এবং তার চাহিদার প্রেক্ষিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতিক্রমে ও অন্যান্য প্রাসঙ্গিক বিধি বিধানের আলোকে তাকে সরবরাহকৃত উক্ত মামলা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নথি ও দলিলাদীকে তিনি সংশয়পূর্ণ বলে অভিহিত করেন; তদুপরি, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবে তিনি নিজেকে দোষী/নির্দোষ দাবী করার প্রসঙ্গটি স্পষ্টতঃ উল্লেখ না করে কতিপয় অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী মিজ মঞ্জু মনোয়ারার বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ প্রমাণিত হয়েছে, যা তার অসদাচরণ হিসাবে পরিগণিত;

যেহেতু, বিসিএস পররাষ্ট্র বিষয়ক ২৭তম ব্যাচের কর্মকর্তা মিজ মঞ্জু মনোয়ারা একজন প্রথম শ্রেণির কর্মকর্তা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুসারে তার 'অসদাচরণ' এর অপরাধে সার্বিক বিবেচনায় একই বিধিমালার উপবিধি ৪(৩) এর (গ) ধারা মোতাবেক তাকে "চাকুরী হইতে অপসারণ" (Removal from Service)সংক্রান্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের নিকট মতামত চাওয়া হলে, কমিশন তার বিরুদ্ধে গৃহীত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করেন; এবং

যেহেতু, মিজ মঞ্জু মনোয়ারা, সিনিয়র সহকারী সচিব কে উপরোক্ত ধারা মোতাবেক গুরুদণ্ড আরোপ করার গুরুত্ব অনুধাবন করে তাকে চূড়ান্ত ভাবে সরকারি চাকুরী হতে অপসারণ সংক্রান্ত গুরুদণ্ড আরোপের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপ বিধি ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ' সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক দিক বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব মিজ মঞ্জু মনোয়ারা কে এই বিধিমালার বিধি ৪(৩) এর (গ) ধারা অনুযায়ী গুরুদণ্ড হিসাবে এতদ্বারা সরকারি "চাকুরী হইতে অপসারণ" (Removal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব।